

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০২.২০১৯.৭৭

তারিখ : ২৪.০৩.২০২০ খ্রি:

বিষয়: বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন প্রেরণ।


সূত্র: জনাব মো: ফরিদ উদ্দিন, প্রধান শিক্ষক, কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়, কড়াপুর, বরিশাল এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে ২৪.১০.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৮ (খন্ড-২).২৮৯ নং স্মারকে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯২/২০১৯ এর আদেশে উল্লিখিত সময় পর্যন্ত বরিশাল জেলার সদর উপজেলাবীন কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মো: দেলোয়ার হোসেন এর বেতন-ভাতা চালু রাখা এবং মূল মামলায় সরকার পক্ষ হতে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য পত্র দেয়া হয়।

২.০ অপরদিকে বর্ণিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব ফরিদ উদ্দিন ১৯.০১.২০২০ তারিখে আবেদন করেন যে সহকারী শিক্ষক, জনাব দেলোয়ার হোসেন বিদ্যালয়ের রেকর্ডপত্র চুরির ঘটনায় বরিশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে জি,আর-৭৯/২০১৬ নং মামলায় চার্জশীটভুক্ত ০২ নং আসামী। বিজ্ঞ আদালত কর্তৃক তার বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। উক্ত মামলায় চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত জনাব মো: দেলোয়ার হোসেন এর নাম এম.পি.ও. তে অন্তর্ভুক্ত করণের আদেশ স্থগিত রাখার জন্য অনুরোধ জানান।

৩.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯২/২০১৯, মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের Civil Petition for leave to appeal No.237 of ২০১৯ এবং বরিশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের জি,আর-৭৯/২০১৬ মামলার আদেশ যাচাইপূর্বক সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মো: দেলোয়ার হোসেন এর এম.পি.ও প্রদান সংক্রান্তে পরবর্তী করণীয় বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

  
28/3/2020  
(মো: কামরুল হাসান)  
উপসচিব  
ফোন : ৯৫৪০৫১৭  
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. প্রধান শিক্ষক, কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল।
০৪. জনাব মো: দেলোয়ার হোসেন, সহকারী শিক্ষক (কম্পিউটার), কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল।
০৫. অফিস কপি।